


নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১.১০৩৪

তারিখ :

২০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
০৪ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

## পবিত্র হজ নিয়ে অভিনব প্রতারণার বিষয়ে জরুরি বিজ্ঞপ্তি

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বার বার সতর্ক করার পরও প্রায় ৩০০ (এখন পর্যন্ত খবর অনুযায়ী) হজযাত্রীকে প্রতারণা করার উদ্দেশ্যে কতিপয় অসাধু চক্র এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনিবেদিত বেনামী এজেন্সি (আল হেলাল এজেন্সি) এবং নিবেদিত এজেন্সি মারিয়া, আরবি টুরস ইত্যাদি হজযাত্রীদের প্রাক-নিবেদন ও নিবেদন না করেও হজে প্রেরণের কথা বলে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে। উক্ত প্রতারণিত ব্যক্তিগণ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অদ্য ০৪.০৭.২০২২ খ্রি. তারিখে বিভিন্ন উপায়ে ভিসা সংগ্রহের জন্য অপতৎপরতা চালিয়েছে যা মোটেও কাম্য নয়। এমনকি সরকারি ও বেসরকারি পর্যায়ে সকল কোটা পরিপূর্ণ হওয়ার পরেও কতিপয় অসাধু চক্রের এহেন অপতৎপরতা সুষ্ঠু হজ ব্যবস্থাপনা ও সরকারের ভাবমূর্তির জন্য হানিকর। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবগতকরণসহ সতর্ক করা হলো। অসাধু চক্র/এজেন্সির বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ ও দেশে প্রচলিত অন্যান্য সংশ্লিষ্ট আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বদ্ধ পরিকর। এ বিষয়ে মন্ত্রণালয় প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।

  
০৪.০৭.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ইমেইল: morahajsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৩. মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা (অসাধু চক্র/অনিবেদিত ও বেনামী এজেন্সি এবং নিবেদিত এজেন্সির বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা (অসাধু চক্র/অনিবেদিত ও বেনামী এজেন্সি এবং নিবেদিত এজেন্সির বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৬. মহাপরিচালক, এন.এস.আই, ঢাকা (অসাধু চক্র/অনিবেদিত ও বেনামী এজেন্সি এবং নিবেদিত এজেন্সির বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. পরিচালক, হজ অফিস, ঢাকা
৮. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব
৯. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাতারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা
১৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd)
১৬. অফিস কপি/মাস্টার ফাইল